

নাটোরের বড়াইগাম উপজেলার মাঝগাঁও উচ্চ বিদ্যালয়ে এনটিআরসি.এর সুপারিশপ্রাপ্তি পাঁচ শিক্ষককে নিয়োগ না দেওয়ার অভিযোগ উঠেছে প্রধান শিক্ষকের বিরুদ্ধে। সুপারিশপ্রাপ্তিরা গত তিন দিন ধরে বিদ্যালয়ে ঘুরলেও প্রধান শিক্ষক তাঁদের ফিরিয়ে দিচ্ছেন বলে জানিয়েছেন ভুক্তভোগীরা। সুপারিশপ্রাপ্তি পাঁচ শিক্ষক হলেন মোছা. হোসনেয়ারা খাতুন, শামীমা আক্তার, মোছা. জান্নাতুল আক্তার, উজ্জুল কুমার দাস ও মো. মুকুল হোসেন।

ভুক্তভোগীরা বলেন, ‘গত মঙ্গলবার সুপারিশপ্রাপ্তি নিয়ে আমরা পাঁচজন বিদ্যালয়ে গিয়ে প্রধান শিক্ষক মো. রুক্সম আলীর সঙ্গে সাক্ষাৎ করি। তিনি আমাদের বুধবার যেতে বলেন। আমরা বুধবার গেলে তিনি বলেন, একটা সমস্যা আছে, তাই নিয়োগ দেওয়া সম্ভব হবে না।’ বৃহস্পতিবার পুনরায় বিদ্যালয়ে গেলে প্রধান শিক্ষক এনটিআরসি.এর চেয়ারম্যান বরাবর একটি লিখিত দেন যাতে লেখা রয়েছে, চাহিদা দিতে গিয়ে তিনি ভুল করেছেন।’

এ বিষয়ে প্রধান শিক্ষক রুক্সম আলী বলেন, ‘সুপারিশপ্রাপ্তদের সঙ্গে ফয়সালা হয়ে গেছে। তাঁরা স্বেচ্ছায় ফিরে গেছেন।’

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইন্সট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantha.com